গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-২
www.emrd.gov.bd

**বিষয়: ১৮-০১-২০১৭ তারিখে অনুষ্ঠিত এ বিভাগের ২০১৬-২০১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (Annual Performance Agreement-APA) মাসিক (ডিসেম্বর, ২০১৬)/ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর, ২০১৬)/ষাণ্মাসিক (জুলাই-ডিসেম্বর, ২০১৬) অর্জন বিষয়ে পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (Annual Performance Agreement-APA) কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সচিব নাজিমউদ্দিন চৌধুরী এঁর সভাপতিত্বে ১৮-০১-২০১৭ তারিখ সকাল ১১:০০ টায় এ বিভাগের ২০১৬-২০১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (এপিএ) মাসিক (ডিসেম্বর, ২০১৬)/ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর, ২০১৬)/ষাণ্মাসিক (জুলাই-ডিসেম্বর, ২০১৬) অর্জন বিষয়ে পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা **পরিশিষ্ট 'ক'** হিসেবে সংযুক্ত করা হল।

০২। সভার প্রারম্ভে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতিরিক্ত সচিব (উন্নয়ন) এ বিভাগের ২০১৬-২০১৭ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিপত্রের লক্ষ্যমাত্রা অনুযায়ী কৌশলগত উদ্দেশ্যে অন্তর্ভুক্ত বিষয়সমূহ যথা- জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকরণে গ্যাস কূপ খনন, অনুসন্ধানকৃত জ্বালানির উৎস, ২-ডি সিসমিক জরিপ, ৩-ডি সিসমিক জরিপ, আমদানিকৃত পরিশোধিত তেল, তেলের মজুদ ক্ষমতা বৃদ্ধি, গ্যাস সঞ্চালন পাইপলাইন সম্প্রসারণ, গ্যাস সংযোগ বিচ্ছিন্নকরণ, প্রি-পেইড/ইভিসিযুক্ত মিটার স্থাপন, ভূতাত্ত্বিক এবং ভূপ্রাকৃতিক মানচিত্রায়ন, প্রশিক্ষণ আয়োজন, ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তন ইত্যাদি বিষয়ের এ পর্যন্ত অর্জনসমূহ সভায় উপস্থান করেন। এর মধ্যে প্রি-পেইড/ইভিসিযুক্ত মিটার স্থাপন, গ্যাস সঞ্চালন পাইপলাইন সম্প্রসারণ, অনুসন্ধানকৃত জ্বালানির উৎস, আমদানিকৃত পরিশোধিত তেল ও তেলের মজুদ ক্ষমতা বৃদ্ধি সংক্রান্ত অর্জন সন্তোষজনক নয়। সভায় এ বিভাগের ২০১৬-২০১৭ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিপত্রের লক্ষ্যমাত্রা অর্জনে আরও সচেষ্ট হওয়ার পরামর্শ প্রদান করা হয়।

০৩। সভায় এ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা/কোম্পানির কর্মকর্তা ও কর্মচারীদের অভ্যন্তরীণ এবং বৈদেশিক প্রশিক্ষণ আয়োজনের বিষয়েও আলোচনা হয়। সভায় এ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা/কোম্পানির কর্মকর্তা ও কর্মচারীদের বৈদেশিক প্রশিক্ষণের পাশাপাশি বেশি করে অভ্যন্তরীণ প্রশিক্ষণ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যও পরামর্শ প্রদান করা হয়। ২০১৬-২০১৭ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিপত্রের কৌশলগত উদ্দেশ্য এবং আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যেসমূহ টার্গেট অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জনপূর্বক তা প্রতিমাসে এ বিভাগ-কে অবহিত করার জন্য সকল দপ্তর/অধিদপ্তর/সংস্থা-কে পরামর্শ প্রদান করা হয়। এছাড়া, ২০১৬-২০১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (এপিএ) ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর, ২০১৬)/ষাণ্মাসিক (জুলাই-ডিসেম্বর, ২০১৬) অর্জন প্রতিবেদন এ বিভাগের বাজেট ব্যবস্থাপনা কমিটি'র (বিএমসি) সভায় উপস্থাপনপূর্বক অনুমোদন নিয়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়।

০৪। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

**সিদ্ধান্ত:**

৪.১। (ক) ২০১৬-২০১৭ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিপত্রে অন্তর্ভুক্ত প্রি-পেইড/ইভিসিযুক্ত মিটার স্থাপন, গ্যাস সঞ্চালন পাইপলাইন সম্প্রসারণ, অনুসন্ধানকৃত জ্বালানির উৎস, আমদানিকৃত পরিশোধিত তেল ও তেলের মজুদ ক্ষমতা বৃদ্ধির শতভাগ লক্ষমাত্রা অর্জনের বিষয়ে আরও সচেষ্ট হতে হবে;

(খ) এ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা/কোম্পানির কর্মকর্তা ও কর্মচারীদের বৈদেশিক প্রশিক্ষণের পাশাপাশি বেশি করে অভ্যন্তরীণ প্রশিক্ষণ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করতে হবে;

(গ) ২০১৬-২০১৭ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিপত্রের কৌশলগত উদ্দেশ্য এবং আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যেসমূহ টার্গেট অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জনপূর্বক প্রতিমাসে এ বিভাগ-কে অবহিত করতে হবে;

(ঘ) ২০১৬-২০১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (এপিএ) ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর, ২০১৬)/ ষাণ্মাসিক (জুলাই-ডিসেম্বর, ২০১৬) অর্জন প্রতিবেদন এ বিভাগের বাজেট ব্যবস্থাপনা কমিটি'র (বিএমসি) সভায় উপস্থাপনপূর্বক অনুমোদন নিয়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে;

০৫। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
২২/০১/২০১৭
(নাজিমউদ্দিন চৌধুরী)
সচিব
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

নং-২৮.০০.০০০০.০১২.০৫.০৩.১৫(অংশ)- ৪৭

তারিখ : ১০ মাঘ ১৪২৩ / ২৩ জানুয়ারি ২০১৭

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। চেয়ারম্যান, বিপিসি, চট্টগ্রাম।
২। চেয়ারম্যান, পেট্রোবাংলা, ঢাকা।
৩। মহাপরিচালক, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই), ঢাকা।
৪। মহাপরিচালক, হাইড্রোকার্বন ইউনিট, ঢাকা।
৫। যুগ্ম-সচিব (অপারেশন), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
৬। মহাপরিচালক, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি), ঢাকা।
৭। পরিচালক (পিএসসি), পেট্রোবাংলা, ঢাকা।
৮। এপিএ সংশ্লিষ্ট সকল কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
৯। উপ-প্রধান (পরিকল্পনা),জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
১০। পরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি), সেগুনবাগিচা, ঢাকা।
১১। প্রধান বিস্ফোরক পরিদর্শক, বিস্ফোরক পরিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
১২। ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স/টিজিটিডিসিএল/জিটিসিএল/বিজিএফসিএল/কেজিডিসিএল/বিসিএমসিএল/এসজিএফএল/পদ্মা অয়েল কোং লি:/জেওসিএল/এমপিএল/ইআরএল।

**সদয় জ্ঞাতার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
২। অতিরিক্ত সচিব (উন্নঃ/পরিঃ)/(প্রশাঃ/অপাঃ)/(পরিঃ)/(উন্নঃ) এর ব্যক্তিগত কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

২৩/০১/১৭
(সিদ্দিকা আক্তার)
যুগ্ম-সচিব